গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
শাখা-১ (প্রশাসন)
www.ird.gov.bd

নং-০৮.০০.০০০০.০৩৬.০১২.৩৩.১৭-

তারিখ ঃ ০৫-০৬-১৪২৪ বঙ্গাব্দ
২০-০৯-২০১৭ খ্রিষ্টাব্দ

# অফিস আদেশ

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭ জানুয়ারী, ২০১১ খ্রিঃ তারিখের ০৫.১৭০.০২২.২৪.০০.০৫০.২০১০-৪৫ নম্বর স্মারক মোতাবেক এ বিভাগের (অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরসহ) (১) ৭ম, ৮ম ও ৯ম গ্রেডের ১ম শ্রেণীর কর্মকর্তাদের এবং (২) ১০ম, ১১তম ও ১২তম গ্রেডভূক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি গঠন করা হলো :

**(ক) ৭ম, ৮ম ও ৯ম গ্রেডের ১ম শ্রেনীর কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি :**

(১) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সচিব/সচিব--------------সভাপতি
(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি----সদস্য
(৩) অর্থ বিভাগের যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি-------------সদস্য
(৪) সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর প্রধান--------------------সদস্য
(৫) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের যুগ্মসচিব/সমপর্যায়ের কর্মকর্তা------সদস্য সচিব

০২। **কমিটির কার্যপরিধি :**

(১) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে এ বিভাগ ও তদাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তরের ক্যাডারভূক্ত ও ক্যাডার বহির্ভূত ৭ম, ৮ম ও ৯ম গ্রেডের ১ম শ্রেণীর কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান।

(২) বাংলাদেশ কর্মকমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ অনুযায়ী ১ম ও ২য় শ্রেণীর গেজেটেড পদ কর্ম কমিশনের আওতাভূক্ত বিধায় ২য় হইতে ১ম বা ৩য় হইতে ১ম শ্রেণীর পদে বা গ্রেডে পদোন্নতির মাধ্যমে নিয়োগ বা সরাসরি নিয়োগের বিষয় সরকারী কর্মকমিশনের আওতাভূক্ত। এই জাতীয় নিয়োগ (পদোন্নতির মাধ্যমে বা সরাসরি) আলোচ্য কমিটির আওতা বহির্ভূত থাকিবে।

**(খ) দশম, একাদক, দ্বাদশ গ্রেডভূক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/ সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি ঃ**

(১) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের যুগ্ম-সচিব -------------------------------সভাপতি
(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি--------------সদস্য
(৩) অর্থ বিভাগের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি----------------------সদস্য
(৪) সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি---সদস্য
(৫) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের উপসচিব/সমপর্যায়ের কর্মকর্তা----------------সদস্য সচিব

চলমান পাতা-২

৪১



০৩। **কমিটির কার্যপরিধিঃ**

(১) সংশ্লিষ্ট নিয়োগ বিধির শর্ত পূরণ সাপেক্ষে এ বিভাগ ও তদাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তরের দশম, একাদশ ও দ্বাদশ গ্রেডের ২য় শ্রেণীর কর্মকর্তা হিসেবে স্বীকৃতপ্রাপ্ত কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান।

(২) বাংলাদেশ কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ অনুযায়ী ১ম ও ২য় শ্রেণীর গেজেটেড পদ কর্ম কমিশনের আওতাভূক্ত বিধায় ৩য় হইতে ২য় শ্রেণীর পদে বা গ্রেডে পদোন্নতির মাধ্যমে বা সরাসরি নিয়োগের বিষয় সরকারী কর্ম কমিশনের আওতাভূক্ত। এই জাতীয় নিয়োগ (পদোন্নতির মাধ্যমে বা সরাসরি) আলোচ্য কমিটির আওতা বহির্ভূত থাকিবে।

(৩) বাংলাদেশ কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ এর ৮নং বিধি মোতাবেক একই শ্রেণীতে পদোন্নতির ক্ষেত্রে কর্ম কমিশনের পরামর্শ নিস্প্রয়োজন বিধায় দ্বিতীয় শ্রেণীভূক্ত এক পদ হইতে অপর পদে পদোন্নতির বিষয় আলোচ্য কমিটির আওতাভূক্ত থাকিবে।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

স্বাঃ/-

(দিলিপ কুমার সরকার)
সহকারী সচিব
ফোন ঃ ৯৫৪০২০৮।

নং-০৮.০০.০০০০.০৩৬.০১২.৩৩.১৭- ১৯৯/১(১২)

তারিখ ঃ ০৫-০৬-১৪২৪ বঙ্গাব্দ
২০-০৯-২০১৭ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল ঃ

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৪। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
৫। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল, সেগুনবাগিচা, ঢাকা।
৬। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, মতিঝিল, ঢাকা।
৭। অতিরিক্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৮। যুগ্মসচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৯। উপসচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
১০। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১২। হিসাবরক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

২০/০৯/১৭
(দিলিপ কুমার সরকার)
সহকারী সচিব